আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

(এ বি ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)

চিরিরবন্দর, দিনাজপুর ।

পঞ্চম সপ্তাহ


২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীব বিজ্ঞান | বিষয় কোড: ১৩৮ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)
১ ষষ্ঠ অধ্যায়: জীবে পরিবহন	পরিবারের একজন সদস্যের পালস রেট বিভিন্ন অবস্থায় পরিমাপ করে পাঠসমূহের ব্যাখ্যা প্রদান।	• সঠিকভাবে রক্তচাপ ও পালস রেট পরিমাপ করতে পারব। • বিশ্রামরত অবস্থায় এবং শরীরচর্চার পর রক্তচাপ ও পালস রেট পরিমাপ করতে এবং দুই অবস্থানে পরিমাপকৃত রক্তচাপ ও পালস রেট বিশ্লেষণ করতে পারব।	• পালস রেট বা নাড়িস্পন্দন পরিমাপের পদ্ধতি যথাযথভাবে অনুসরণ কর (জীববিজ্ঞান পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৫০-১৫১ দ্রষ্টব্য)। • প্রথমে খাতায় নিচের মতো ছক আঁকতে হবে। • পরিবারের একজন সুস্থ সদস্যকে তোমার পরীক্ষণে অংশ নিতে অনুরোধ করবে। তোমার নির্দেশনা বুঝতে সক্ষম এমন ব্যক্তি হতে হবে। তাঁকে পুরো বিষয়টি বুঝিয়ে বলার পর তিনি সম্মতি দিলে পরীক্ষণ শুরু করা যাবে। • সাবধানতা: অনুমতি ছাড়া কারো উপর পরীক্ষণ করা যাবে না। নিজের উপর পরীক্ষণ করা যাবে না। • পরীক্ষণাধীন ব্যক্তিকে পরীক্ষণের পূর্বে ৬ ঘণ্টা চা-কফি বা ধূমপান থেকে বিরত থাকতে হবে। তাঁকে পরীক্ষণের সময় শান্ত ও শিথিল (relaxed) থাকতে হবে। তাই সকালে ঘুম থেকে ওঠার পরপর পরীক্ষণটি করার আদর্শ সময়। • উপরের ছক অনুসারে প্রথমে শোয়া অবস্থায় পালস রেট নির্ণয় করে ছকে পাঠ লিখতে হবে। তারপর যথাক্রমে বসা ও দাঁড়ানো অবস্থায় পাঠ নিতে হবে এবং ছকে লিখতে হবে। সবশেষে পাঁচ মিনিট দ্রুতবেগে হাঁটার পরে দাঁড়ানো অবস্থায় পালস রেট নির্ণয় করে ছকে পাঠ লিখতে হবে। • উল্লিখিত ছক ব্যবহার করে লেখচিত্র আঁকতে হবে। উদাহরণ: শোয়া, বসা, দাঁড়ানো এবং হাঁটার পরে প্রতি মিনিটে পালস রেট যদি যথাক্রমে ৭০, ৭৫, ৮৫ এবং ১০০ হয় তাহলে তার লেখচিত্রটি এরকম হবে-	

অবস্থা / ধাপ	পালস রেট (প্রতি মিনিটে)
১) শোয়া অবস্থায়	
২) বসা অবস্থায়	
৩) দাঁড়ানো অবস্থায়	
৪) পাঁচ মিনিট দ্রুতবেগে হাঁটার পরে	

নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর
	৪	৩	২	১	
পালস রেট নির্ণয়	চারটি পাঠের প্রতিটি নির্ণয় করা হয়েছে।	চারটি পাঠের তিনটি নির্ণয় করা হয়েছে।	চারটি পাঠের দুটি নির্ণয় করা হয়েছে।	চারটি পাঠের একটি নির্ণয় করা হয়েছে।	
চারটি ধাপ ধারাবাহিক ভাবে নির্ণয়	নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ ধারাবাহিক ভাবে নির্ণয় করা হয়েছে।	নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ নির্ণয় করার ধাপসমূহের ধারাবাহিকতা আংশিকভাবে রক্ষিত হয়নি।	নির্দেশনা অনুসারে পালস রেটের পাঠসমূহ নির্ণয় করার ক্ষেত্রে ধাপসমূহের ধারাবাহিকতা একেবারেই রক্ষিত হয়নি।	পালস রেট নির্ণয় করা হয়েছে তবে কোনো ধাপের উল্লেখ নেই।	
লেখচিত্রের কাঠামো	লেখচিত্রের কাঠামো গ্রহণযোগ্যভাবে আঁকা হয়েছে।	লেখচিত্রের উল্লম্ব বা অনুভূমিক অক্ষের যেকোনো একটি গ্রহণযোগ্যভাবে আঁকা হয়নি।	লেখচিত্রের উল্লম্ব ও অনুভূমিক অক্ষের কোনোটিই গ্রহণযোগ্যভাবে আঁকা হয়নি।	লেখচিত্রের বিন্দুগুলো গ্রহণযোগ্যভাবে স্থাপন করা হয়নি।	
লেখচিত্রের লেবেল	লেখচিত্রের সবগুলো লেবেল গ্রহণযোগ্যভাবে প্রদান করা হয়েছে।	লেখচিত্রের শিরোনাম এবং উল্লম্ব বা অনুভূমিক অক্ষের যেকোনো একটি গ্রহণযোগ্যভাবে লেবেল করা হয়নি।	লেখচিত্রের শিরোনাম, উল্লম্ব ও অনুভূমিক অক্ষের মধ্যে একাধিক লেবেল গ্রহণযোগ্যভাবে করা হয়নি।	লেখচিত্রের শিরোনাম, উল্লম্ব ও অনুভূমিক অক্ষের কোনোটিই গ্রহণযোগ্যভাবে লেবেল করা হয়নি।	
কারণ ব্যাখ্যা	চারটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে।	তিনটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে।	দুটি দশায় পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়েছে।	পালস রেটের পার্থক্যের কারণ গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করা হয়নি তবে আংশিক আলোচনা করা হয়েছে।	
				মোট-	
				বর্গাঙ্কিত নম্বর- ২০	



- বিভিন্ন অবস্থায় পালস রেটের পার্থক্য কেন হয় তা ব্যাখ্যা করতে হবে। [সর্বনিম্ন ৩০ থেকে সর্বোচ্চ ৫০ শব্দে]

নম্বরের ব্যপ্তি	মন্তব্য
১৬-২০	অতি উত্তম
১৪-১৫	উত্তম
১০-১৩	ভালো
০০-০৯	অগ্রগতি প্রয়োজন

২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয় | বিষয় কোড: ১৫০ | স্তর: এসএসসি

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট	শিখনফল/ বিষয়বস্তু	নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)
০২ চতুর্থ অধ্যায়: বাংলাদেশের ভূ-প্রকৃতি ও জলবায়ু, পাঠ: ভূমিকম্প	সম্প্রতি সংঘটিত বিশ্বের কয়েকটি দেশের বড় ধরনের ভূমিকম্পের কারণ, উৎস ও ক্ষয়ক্ষতি সম্পর্কে তালিকা প্রস্তুত কর। বাংলাদেশে এ ধরনের কোনো ভূমিকম্প সংঘটিত হলে এবং বিপুল ক্ষয়ক্ষতি হলে সেক্ষেত্রে স্বেচ্ছাসেবক হিসাবে তোমার করণীয় সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।	• ভূমিকম্পের ধারনা ব্যাখ্যা করতে পারবে। • ভূমিকম্পের কারণ ব্যাখ্যা করতে পারবে। • ভূমিকম্পের ফলাফল ব্যাখ্যা করতে পারবে। • ভূমিকম্প ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশের প্রস্তুতি ও প্রয়োজনীয় পদক্ষেপ ব্যাখ্যা করতে পারবে। • ভূমিকম্প পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় সহযোগিতার মনোভাব তৈরি করবে।	• সূচনা • যেকোনো ৪টি দেশের ভূমিকম্পের কারণ ও উৎস উল্লেখ করবে। • ঐ ৪টি দেশের ভূমিকম্পের ক্ষয়ক্ষতির তালিকা করবে (চিত্রসহ)। • বাংলাদেশের মানচিত্র অঙ্কন করে ভূমিকম্প প্রবণ এলাকা চিহ্নিত করবে। • স্বেচ্ছাসেবক হিসেবে তোমার করণীয় (পাঠ্যপুস্তক, ইন্টারনেট, সংবাদ মাধ্যম, বিভিন্ন ব্যক্তির কাছ থেকে তথ্য সংগ্রহ করবে।) • প্রতিবেদনের ধাপ অনুসরণ করে ৪০০ শব্দের মধ্যে প্রতিবেদনটি প্রণয়ন করতে হবে।	

নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর				স্কোর
	৪	৩	২	১	
ভূমিকম্পের কারণ ও উৎস	৪টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে	৩টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে	২টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে	১টি দেশের কারণ ও উৎস উল্লেখ করলে	
ক্ষয়ক্ষতির তালিকা	৪টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্রসহ)	৩টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্রসহ)	২টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্র বাদে)	১টি দেশের তালিকা উল্লেখ করলে (চিত্র বাদে)	
মানচিত্র অংকন ও ভূমিকম্প প্রবণ অঞ্চল চিহ্নিত করণ	সঠিক মানচিত্র অংকন ও ৩টি বলয় চিহ্নিতকরণ	সঠিক মানচিত্র অংকন ও ২টি বলয় চিহ্নিতকরণ	ত্রুটিযুক্ত মানচিত্র অংকন ও ১টি বলয় চিহ্নিতকরণ	শুধু মানচিত্র অংকন করলে	
করণীয় সম্পর্কে প্রতিবেদন লেখা	নির্দেশনা অনুসারে তথ্যসমৃদ্ধ সৃজনশীল লেখা	নির্দেশনা অনুসারে অধিকাংশ তথ্য সমৃদ্ধ লেখা	নির্দেশনা অনুসারে আংশিক তথ্য সমৃদ্ধ লেখা	নির্দেশনা অনুসারে যথাযথ তথ্যের অনুপস্থিতি থাকলে	
				মোট-	
				বরাদ্দকৃত নম্বর- ১৬	

বি.দ্র. যথাযথ= ৮০% - ১০০% সঠিক, অধিকাংশ=৭০% - ৭৯% সঠিক এবং আংশিক= ৬৯% - ৫০% সঠিক

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
১৩-১৬	অতি উত্তম
১১-১২	উত্তম
৮-১০	ভালো
০-৭	অগ্রগতি প্রয়োজন